# 2 0 1 8

## BENGALI

## ( Major )

Paper : 6.3

*Full Marks* : 60

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) অদ্ভুত রসের স্থায়ীভাবের নাম কী?

(খ) ব্যঙ্গ্যার্থ বাচ্যার্থের অনুগামী হলে তাকে কি বলে?

(গ) মনে ভাব উদ্বুদ্ধ হলে, যে-সব স্বাভাবিক উপায়ে তা বাইরে প্রকাশ হয়, ভাবরূপ কারণের সেই-সব লৌকিক কার্যকে কি বলে?

(ঘ) 'ব্যালাড' শব্দটি যে ল্যাটিন শব্দ থেকে এসেছে তার মূল অর্থ কি ছিল?

(ঙ) বাণভট্টের গদ্য রোমান্স হিসেবে সুপরিচিত গ্রন্থটির নাম কী?

(চ) ইংরেজি 'novel' শব্দটি কোন্ ভাষা থেকে নেওয়া হয়েছে?

(ছ) ৩২০০ খ্রিস্ট পূর্বাব্দে লিখিত 'দুই ভাই' শীর্ষক যে গল্পটি পাওয়া গেছে সেটি কোন্ দেশে লেখা?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৪=৮

(ক) ধ্বনিবাদের মুখ্যাচার্য কে ছিলেন? তাঁর লিখিত গ্রন্থের নাম কী?

(খ) যে কোনো দুটি ব্যভিচারী ভাবের নাম লেখো।

(গ) গুণাঢ্যের লেখা গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কোন্ ভাষায় লেখা?

(ঘ) 'দশকুমারচরিত' এবং 'কথাসরিৎসাগর' গ্রন্থ দুটির লেখকদের নাম লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ৫×৩=১৫

(ক) উদাহরণসহ অনুভাব এবং সঞ্চারী ভাবের পার্থক্য নির্দেশ করো।

(খ) লক্ষণার্থ এবং ব্যঙ্গার্থের মধ্যে উদাহরণসহ পার্থক্য নির্দেশ করো।

(গ) ছোটোগল্পের প্রকৃতি সম্বন্ধে রবীন্দ্রনাথের ধারণা সংক্ষেপে ব্যক্ত করো।

(ঘ) সংস্কৃত ভাষায় লিখিত গদ্য আখ্যান ও আখ্যায়িকার একটি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরো।

(ঙ) "কবির হৃদয় যেমন বিচিত্র, গীতিকবিতার শাখা-প্রশাখাও তেমনি বিচিত্র।" মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।





৪। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে অন্তত **একটি** করে প্রশ্ন নিয়ে সর্বমোট **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

**ক—গুচ্ছ**

(ক) স্থায়ীভাবের রস-পরিণতিতে বিভাব, অনুভাব এবং সঞ্চারী ভাবের ভূমিকা সম্বন্ধে লেখো।

(খ) ধ্বনিকে কাব্যের আত্মা বলা হয়েছে কেন? বাংলা কাব্য থেকে উদাহরণ দিয়ে ধ্বনির স্বরূপ ব্যাখ্যা করো।

(গ) "পূর্বপরিচিত অর্থও রসের যোগে কাব্যত্ব লাভ করে বসন্তের নবকিশলয়খচিত বৃক্ষের মতো নতুন বলে প্রতীয়মান হয়।" মন্তব্যটির তাৎপর্য বিশদ করো।

**খ—গুচ্ছ**

(ঘ) মহাকাব্য বলতে কি বোঝ? মহাকাব্যের সংজ্ঞা নির্দেশ করে প্রকৃত মহাকাব্য (authentic epic) এবং আলংকারিক মহাকাব্য (literary epic)-এর মধ্যে পার্থক্য নির্দেশ করো।

(ঙ) আখ্যায়িকা থেকে উপন্যাস বা 'novel' হয়ে ওঠার বিষয়টি সংক্ষেপে বর্ণনা করে উপন্যাসের আঙ্গিক সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।

(চ) ব্যালাডের সংজ্ঞা নির্দেশ করে দেশী ও বিদেশী ব্যালাডের একটি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরো।

★★★